

🗏 আন-নামাল | An-Naml | ٱلنَّمْل

আয়াতঃ ২৭: ২২

💵 আরবি মূল আয়াত:

তারপর অনতিবিলম্বে হুদহুদ এসে বলল, 'আমি যা অবগত হয়েছি আপনি তা অবগত নন, আমি সাবা থেকে আপনার জন্য নিশ্চিত খবর নিয়ে এসেছি'। — আল-বায়ান

অতঃপর হুদহুদ অবিলম্বে এসে বলল- 'আমি যা অবগত হয়েছি আপনি তা অবগত নন, আমি সাবা থেকে নিশ্চিত খবর নিয়ে আপনার কাছে এসেছি। — তাইসিরুল

অনতি বিলম্বে হুদহুদ এসে পড়ল এবং বললঃ আপনি যা অবগত নন আমি তা অবগত হয়েছি এবং 'সাবা' হতে সুনিশ্চিত সংবাদ নিয়ে এসেছি। — মুজিবুর রহমান

But the hoopoe stayed not long and said, "I have encompassed [in knowledge] that which you have not encompassed, and I have come to you from Sheba with certain news. — Sahih International

- ২২. কিছুক্ষণ পরেই হুদাহুদ এসে পড়ল এবং বলল, আপনি যা জ্ঞানে পরিবেষ্টন করতে পারেননি আমি তা পরিবেষ্টন করেছি(১) এবং সাবা(২) হতে সনিশ্চিত সংবাদ নিয়ে এসেছি।
 - (১) এর দ্বারা প্রমাণিত হলো যে, নবী-রাসূলগণ গায়েব জানেন না। তাদেরকে আল্লাহ যতটুকু জ্ঞান দান করেন। তাই শুধু জানতে পারেন। [কুরতুবী]
 - (২) সাবা ছিল আরবের দক্ষিণ এলাকার একটি বিখ্যাত ব্যবসাজীবী জাতি। তাদের রাজধানী মারিব বর্তমান ইয়ামানের রাজধানী সান'আ থেকে তিন দিনের পথের দূরত্বে (৫৫ মাইল উত্তরপূর্বে) অবস্থিত ছিল। [দেখুন: ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(২২) অনতিবিলম্বে হুদহুদ এসে পড়ল এবং বলল, 'আপনি যা অবগত নন, আমি তা অবগত হয়েছি[1] এবং সাবা[2] হতে সুনিশ্চিত সংবাদ নিয়ে এসেছি।



- [1] إَحَاطَة । অর্থ কোন জিনিসের ব্যাপারে পূর্ণ জ্ঞান ও অবগতি অর্জন করা। লক্ষণীয় যে, পাখীও জানে, নবী গায়ব জানেন না।
- [2] 'সাবা' এক ব্যক্তির নাম, যা পরে এক জাতি ও এক শহরের নামে প্রসিদ্ধি লাভ করে। এখানে সাবা শহরকে বুঝানো হয়েছে। ইয়ামানের সানআ' হতে তিন দিনের যাত্রাপথ। যা এখন মা'রাবুল ইয়ামান নামে প্রসিদ্ধ। (ফতহুল কাদীর)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3181

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন